

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ) রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## (১০) যিশাইয়/ ইশাইয়া ৫/২৬

প্রটেস্ট্যান্ট বাইবেলে ২৩ নং, ক্যাথলিক বাইবেলে ২৯ নং ও ইহুদি বাইবেলে ১২ নং পুস্তক যিশাইয় বা ইশাইয়া (Isaiah)। এ পুস্তকের ৫ অধ্যায়ের ২৬ শ্লোক: "তিনি দূরবর্তী জাতিদের প্রতি নিশান তুলবেন, আর দুনিয়ার প্রান্তবাসীদের জন্য শিস্ দিবেন; আর দেখ, তারা অতি দ্রুত আসবে।" (মো.-১৩) কোন কোন গবেষক দাবি করেন যে, এখানে হজ্জের বিষয়ে বলা হয়েছে। পৃথিবীর সকল প্রান্ত থেকে বিভিন্ন জাতির মানুষের আগমনের আর কোনো বাস্তব চিত্র দেখা যায় না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14661

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন